# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/নতুন/বিদ্যা/১৫/ময়মন/৩৩৯ তারিখ ঃ ০৪/০১/২০২৬ খ্রি.

বিষয় ঃ বিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র : বোর্ডের মঞ্জুরী কমিটির ২৮/১২/২০২৫ খ্রি. তারিখের ১১তম সভার সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মৌলিক শর্তাবলি পূরণ করায় প্রচলিত সাধারণ শর্তে **"আয়েশা খাতুন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়"** কে ০১/০১/২০২৬ খ্রি. তারিখ হতে স্থাপনের অনুমতি প্রদান করা হলো।

**শর্তসমূহ :**

১. স্থাপনের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের পাঠদানের প্রাথমিক অনুমতি হিসাবে গণ্য করা যাবে না।

২. ০১(এক) বছরের মধ্যে নিজস্ব জমিতে প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণসহ অন্যান্য প্রয়োজনীয় শিক্ষা উপকরণ সংগ্রহ করতে হবে।

৩. আগামী ১(এক) বছরের মধ্যে কাম্য পরিমাণ জমি বিদ্যালয়ের নামে রেজিস্ট্রি করে অনলাইন খাজনা খারিজ সহ দলিলের কপি বোর্ডে জমা দিতে হবে।

৪. নিয়োগকৃত শিক্ষক-কর্মচারী তথা জনবলের বেতন-ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে।

৫. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই প্রধান শিক্ষকসহ প্রয়োজনীয় প্রশাসনিক জনবল নিয়োগ প্রদান করতে হবে।

৬. পাঠদানের অনুমতি চাওয়ার পূর্বেই নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ২৩/০৭/২০২৩ খ্রি. তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা যৌথ নামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।

৭. পরিবেশিত কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে স্থাপনের অনুমতি বাতিল করা হবে

চেয়ারম্যানের নির্দেশক্রমে
স্বা:-
**(ফেরদৌস আহম্মদ ভূইয়া)**
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

প্রাপক : প্রধান শিক্ষক
আয়েশা খাতুন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়
পোঃ গোবিন্দপুর, উপজেলাঃ গৌরীপুর, জেলাঃ ময়মনসিংহ।

স্মারক নং - মশিবো/নতুন/বিদ্যা/১৫/ময়মন/৩৩৯(১২) তারিখঃ ০৪/০১/২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩. মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
৫. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৬. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
৭. উপজেলা নির্বাহী অফিসার, গ্যেরীপুর, ময়মনসিংহ।
৮. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ ।
৯. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গৌরীপুর, ময়মনসিংহ।
১০. সভাপতি/উদ্যোক্তা, আয়েশা খাতুন নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, গৌরীপুর, ময়মনসিংহ।
১১. সহকারি প্রোগ্রামার, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
১২. অফিস কপি।

০৪/০১/২৬
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।